



AKASHVANI SILCHAR

REGIONAL NEWS UNIT

MORNING NEWS BULLETIN

BENGALI

DATE: 16 May 2026

TIME: 7:35 AM

প্রবীন বিজেপি নেতা তথা নবনির্বাচিত বিধায়ক চন্দ্রমোহন পাটোয়ারী গতকাল আসাম বিধানসভার অস্থায়ী অধ্যক্ষ হিসেবে শপথগ্রহণ করেছেন। রাজ্যপাল লক্ষণপ্রসাদ আচার্য লোকভবনে আয়োজিত এক অনুষ্ঠানে শ্রী পাটোয়ারীকে শপথবাক্য পাঠ করান। স্থায়ী অধ্যক্ষ নির্বাচিত না হওয়া পর্যন্ত অস্থায়ী অধ্যক্ষ সভার কাজকর্ম পরিচালনা করবেন। উল্লেখ্য আগামী ২১ মে থেকে আরম্ভ হওয়া ষোড়শ আসাম বিধানসভার প্রথম অধিবেশনের প্রথম দিন অস্থায়ী অধ্যক্ষ নবনির্বাচিত বিধায়কদের পদ ও গোপনীয়তার শপথবাক্য পাঠ করাবেন। এরপর বিধানসভার নতুন অধ্যক্ষ নির্বাচন করা হবে। শাসক বিজেপি দল বিধানসভার পরবর্তী অধ্যক্ষ হিসেবে ভবানীপুর-সরভোগ বিধানসভা কেন্দ্রের বিধায়ক রঞ্জিত দাসকে মনোনীত করেছে।

রাজ্য সরকারের প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় পুনরায় শিক্ষক নিযুক্তি প্রক্রিয়া আরম্ভ করার জন্য তৎপরতা চালাচ্ছে। সে অনুসারে প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয় সব জেলার জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিকদের পত্র প্রেরণ করে নিম্ন ও উচ্চ প্রাথমিক বিদ্যালয়ে শূণ্য থাকা শিক্ষক পদের তথ্য দাখিল করার নির্দেশ দিয়েছে। আগামী ৩০ শে মে বা এর পূর্বে শূণ্য শিক্ষক পদের তথ্যসমূহ নির্দিষ্ট পোর্টালে দাখিল করতে বলা হয়েছে। উল্লেখ্য প্রাথমিক শিক্ষা সঞ্চালকালয়ের অধীনে ২০২৫ সালে ৫ হাজার ৫৫০ টি এবং ২০২৬ সালে ৪ হাজার ৫০০ টি প্রাথমিক শিক্ষক পদের নিযুক্তি প্রক্রিয়া সম্পূর্ণ করা হয়েছিলো। প্রাথমিক শিক্ষা সঞ্চালক সুরঞ্জনা সেনাপতি রাজ্যের সব জেলার জেলা প্রাথমিক শিক্ষা আধিকারিকদের এ উদ্দেশ্যে পত্র প্রেরণ করেছেন।

বরাক উপত্যকার তিন জেলায় অবিরাম বৃষ্টিপাতের ফলে বিভিন্ন প্রান্তে বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে।

কাছাড় জেলায় আজ অবিরাম বৃষ্টির ফলে শিলচর শহরের বেশ কয়েকটি স্থানে কৃত্রিম বন্যা পরিস্থিতির সৃষ্টি হয়েছে। শহরের কয়েকটি সড়ক এবং আবাসিক এলাকায় জল প্রবেশ করার ফলে জনসাধারণ ব্যাপক সমস্যার সম্মুখীন হয়েছেন। শিলচর শহরের লিংক রোড, সোনাই রোড, শিলংপাট্টি, অম্বিকাপাট্টি, চার্চ রোড, বিবেকানন্দ রোড, ন্যাশনেল হাইওয়ে পয়েন্ট সহ শহরের অন্যান্য স্থানে কৃত্রিম বন্যার ফলে যানবাহন চলাচলের ক্ষেত্রে অসুবিধার সৃষ্টি হয়েছে। শহরের

নিষ্কাশন ব্যবস্থার অভাবের কারণে এই জনদুর্ভোগ বলে নাগরিকরা ক্ষোভ প্রকাশ করেছেন ।

এদিকে শিলচর পৌর নিগম ও রাজ্যের জল সম্পদ বিভাগের যৌথ উদ্যোগে লংগাই খাল , ন্যাশনেল হাইওয়ে রোড ও সোনাই রোড এলাকায় নালা পরিষ্কারের কাজ শুরু হয়েছে বলে আমাদের শিলচরের সংবাদদাতা জানিয়েছেন ।

এদিকে শ্রীভূমি জেলায়ও রেকর্ড পরিমাণ বৃষ্টিপাতের ফলে প্রায় ৭০ শতাংশ এলাকা বর্তমানে জলমগ্ন রয়েছে । জেলা প্রশাসন কৃত্রিম বন্যা সমস্যা সমাধানে কড়া পদক্ষেপ গ্রহণ করেছে । জেলা কমিশনার তথা জেলা দুর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষের চেয়ারম্যান প্রাকৃতিক ও অন্যান্য নিষ্কাশন ব্যবস্থা ,জাতীয় সড়ক ,রাজ্য সড়ক ,পূর্ত সড়ক ,সরকারী খাস জমি ও খালের পাশে ফুটপাথ তথা ড্রেনের ওপর সবধরনের অবৈধ দখল ও নির্মাণ অবিলম্বে অপসারণের নির্দেশ দিয়েছেন ।এমর্মে গতকাল এক আদেশ জারী করে সগশ্লিষ্ট রাজস্ব চক্র আধিকারিক এবং পৌরসভা উন্নয়ন কর্তৃপক্ষ ,পূর্ত সড়ক ,এন এইচ আই ডি সি এল,জলসম্পদ ,নগর ও পল্লী পরিকল্পনা বিভাগ সহ অন্যান্য সংস্থাকে অবিলম্বে ব্যবস্থা নিতে বলা হয়েছে ।

এদিকে গতকাল এস ডি আর এফ এবং ফায়ার অ্যান্ড ইমার্জেন্সী সার্ভিসেস এর যৌথ উদ্ধার অভিযানে এপর্যন্ত পাওয়া খবর অনুসারে জমা জল থেকে মোট ২৭৬ জনকে উদ্ধার করা হয়েছে । এরমধ্যে ১৬ টি পশুও রয়েছে ।বদরপুর ও শ্রীভূমি ফায়ার স্টেশনের অধীনে জেলার

বিভিন্ন জমা জল কবলিত এলাকায় গতকাল সারাদিনব্যাপী এই অভিযান চালানো হয় ।

হাইলাকান্দি জেলায়ও বৃষ্টিপাতের ফলে স্বাভাবিক জীবনযাত্রা ব্যহত হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে জেলার পাঁচগ্রাম থেকে মোকামকুটির যাওয়ার পথে সড়কে থাকা একটি আর সি সি সেতুর একাংশ ভেঙ্গে পড়ায় যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ বিচ্ছিন্ন হয়ে পড়েছে । হাইলাকান্দি পূর্ত সড়ক বিভাগের পক্ষ থেকে পাঁচগ্রাম-ভাটিরকূপা পাট-২ গ্রামীণ সড়কটি নিরাপত্তার স্বার্থে সাময়িক বন্ধ রাখার কথা ঘোষণা করা হয়েছে । গতকালের আকস্মিক বন্যায় এই সড়কের একটি কালভাট ক্ষতিগ্রস্ত হওয়ায় রাস্তাটি চলাচলের ক্ষেত্রে অনুপযোগী হয়ে পড়ায় পূর্ত বিভাগের হাইলাকান্দি সড়ক ডিভিশনের নির্বাহী বাস্তুকার এক বিজ্ঞপ্তিতে ওই সড়ক দিয়ে সবধরনের যানবাহন চলাচল বন্ধ থাকবে বলে জানিয়েছেন । পথচারীদের এই সড়কের বিকল্প হিসেবে ছয় নম্বর জাতীয় সড়ক ব্যবহার করতে এবং ট্রাফিক সাইন অনুসরণ করতে অনুরোধ জানানো হয়েছে ।

এদিকে হাইলাকান্দি জেলার পাঁচগ্রাম থানার অন্তর্গত সিদ্ধেশ্বর এলাকায় রেল লাইনের উপর ভয়াবহ ভূমিধসের ফলে বরাক উপত্যকার রেল যোগাযোগ ব্যবস্থা ব্যহত হয়েছে বলেও জানানো হয়েছে ।

উল্লেখ্য রাজ্যের বিভিন্ন জেলায় আগামী চার পাঁচ দিন ভারী থেকে অতি ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দফতরের পূর্বাভাসে জানানো হয়েছে । বন্যাপ্রবণ ও ভূমিধ্বস প্রবণ এলাকায় জেলা প্রশাসনকে

সতর্ক থাকতে আহ্বান জানানো হয়েছে । এছাড়া আবহাওয়া দফতর জনসাধারণকে প্রয়োজন ছাড়া বাইরে বের না হবার পরামর্শ দিয়েছে ।

শ্রীভূমি জেলার স্বাস্থ্য বিভাগ কেন্দ্রীয় জি এস টি সংক্রান্ত পারফরম্যান্স অডিটের জন্য সব বেসরকারী হাসপাতাল ,নার্সিং হোম ,পলিক্লিনিক ,ডায়গনস্টিক সেন্টার ও চিকিৎসকদের ক্লিনিককে আগামী ২০ শে মের মধ্যে নির্দিষ্ট তথ্য জমা দেবার নির্দেশ দিয়েছে । যুগ্ম স্বাস্থ্য সেবা সঞ্চালকের জারি করা বিজ্ঞপ্তি অনুযায়ী দদেশের কম্পট্রোলার অ্যান্ড অডিটর জেনারেলের পক্ষে কোলকতার ডিরেক্টর জেনারেল অফ অডিট (সেন্ট্রাল) এবং গৌহাটী শাকার নির্দেশ অনুসারে এই অডিট করা হবে ।
